দৈনিক ইত্তেফাক

10 APR 1988
তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 4 ...

শিক্ষা সপ্তাহ 06

# 'শিক্ষকরা ঠিকমত পড়ান না বলিয়াই ছাত্ররা নকল করে'

( ইত্তেফাক রিপোর্ট )

শিক্ষা সপ্তাহ উপলক্ষে গতকাল (শনিবার) শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত 'শিক্ষার মান

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## ছাত্ররা নকল করে

(১ম পৃ: পর)

উন্নয়ন ও সম্প্রসারণ' শীর্ষক সেমিনারে বক্তাগণ বলেন, শিক্ষকরা ছাত্রদের ঠিকমত পড়ান না বলিয়াই ছাত্ররা নকল করে। তদারকীর অভাবে প্রাথমিক শিক্ষার অগ্রগতি হতাশাব্যঞ্জক।

শিক্ষা সচিব হেদায়েত আহমেদের সভাপতিত্বে আয়োজিত এই সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক মোঃ শামসুল হক মূল প্রবন্ধ পাঠ করেন। ডঃ মফিজউদ্দিন আহমেদ, ডঃ এস এম আল হোসাইনী প্রমুখ আলোচনায় অংশ নেন।

অধ্যাপক এম, শামসুল হক বলেন, নেতৃবৃন্দের রাজনৈতিক ইচ্ছা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ শিক্ষার মান উন্নয়ন ও সম্প্রসারণে সহায়ক হইতে পারে। তিনি বলেন যে, অনুৎপাদনশীল খাত হইতে অর্থ সরাইয়া আনিতে পারিলে শিক্ষা খাতের বহুবিধ সমস্যা হ্রাস পাইবে।

অধ্যাপক হক বলেন যে, দুই হাজার সাল নাগাদ সকলের জন্য শিক্ষার লক্ষ্য অর্জন করিতে হইলে বিভিন্ন পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি এবং প্রয়োজনীয় সংখ্যক যোগ্য শিক্ষক নিয়োগ করা দরকার।

অধ্যাপক মোঃ শামসুল হক বলেন, পূর্ব প্রস্তুতি ছাড়াই অনেক কলেজে অনার্স ও মাষ্টার ডিগ্রী খোলা হইয়াছে। ফলে কলেজ শিক্ষা বিপর্যয়ের সম্মুখীন। ছাত্র সংখ্যার চাপ, সেশনজট ও মাসলম্যানদের দৌরাত্ম্যে বিশ্ববিদ্যালয় সমূহের অবস্থাও ভাল নয়। দুই বৎসর মেয়াদী ডিগ্রী কোর্স তুলিয়া দেওয়ার সুপারিশ করিয়া তিনি বলেন, ভারত, পাকিস্তানসহ কোন দেশেই এখন আর এই পদ্ধতি কার্যকর নাই। তিনি বলেন, এক শ্রেণীর শিক্ষক টিউটোরিয়াল হোম খুলিয়া প্রাইভেট পড়াইতেছেন। কেহ কনসালটেন্সীর উপর বেশী জোর দিতেছেন। এগুলি জঘন্য অপরাধের পর্যায়ে পড়ে। প্রতি দুই বৎসর পর পাঠ্যসূচী পরিবর্তনের সুপারিশ করিয়া তিনি বলেন, অন্যথায় দ্রুত পরিবর্তনশীল বিশ্বের সমকালীন জ্ঞানের সহিত ছাত্রছাত্রীদের জ্ঞানের দূরত্ব বাড়িয়া যাইবে।

ডঃ মফিজউদ্দিন আহমেদ বলেন, শিক্ষার মান উন্নয়ন ও সম্প্রসারণের জন্য যে শক্তিশালী কাঠামো দরকার, বর্তমান শিক্ষা মন্ত্রণালয়ের উহা নাই। তিনি শিক্ষা মন্ত্রণালয়ে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এই তিনটি বিভাগ খোলার বা শিক্ষা মন্ত্রণালয় এবং উচ্চ শিক্ষা ও গবেষণা মন্ত্রণালয় এই দুইটি পৃথক মন্ত্রণালয় প্রতিষ্ঠার সুপারিশ করেন। এস এম আল হোসাইনী শিক্ষাঙ্গনকে দুর্নীতি ও কলুষমুক্ত করার সুপারিশ করিয়া বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জবাবদিহি করা যায় না। এ অবস্থায় বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন সম্পর্কে ভিন্ন চিন্তা প্রয়োজন হইতে পারে। তিনি শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে অনানুষ্ঠানিক শিক্ষা ও বেসরকারী প্রতিষ্ঠান ব্যবহারের সুপারিশ করেন। হেদায়েত আহমেদ বলেন, দেশের একটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা সাড়ে তিনগুণ বাড়ানো হইয়াছে। অপর একটি বিশ্ববিদ্যালয়ে ছাত্র ও কর্মচারীর সংখ্যা সমান। এমন নজীর পৃথিবীর কোথাও নাই।

### সেমিনারের সুপারিশ

বাসস জানায়, প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন, অবৈতনিক এবং বাধ্যতামূলক করার জন্য অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানাইয়া গতকাল দিবসব্যাপী 'শিক্ষার মান উন্নয়ন ও সম্প্রসারণ' শীর্ষক সেমিনারেরর সমাপ্তি ঘটে। জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত সেমিনারের দ্বিতীয় পর্যায়ে সভাপতিত্ব করেন ক্যাবিনেট সচিব এম, মুজিবুল হক। আমাদের বৃহত্তর জাতীয় জীবনে শিক্ষা যাহাতে উৎপাদনশীল ও অর্থপূর্ণ হইতে পারে, তজ্জন্য শিক্ষার পরিধি সম্প্রসারণ এবং মান উন্নয়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যও সেমিনারে সুপারিশ করা হয়।

অন্যান্যের মধ্যে ইডেন কলেজের অধ্যক্ষা জাহানারা হক, রেসিডেন্সিয়াল মডেল কলেজের অধ্যক্ষ গিয়াস উদ্দিন হায়দার চৌধুরী, ডঃ কে, এম সিরাজুল ইসলাম, মিসেস রোকেয়া মান্নান, বেগম কাজী আনোয়ারা মনসুর, আনোয়ারুল হক খান মজলিস, সৈয়দা শামসুন আরা হক এবং জহুরুল ইসলাম ভূইয়া আলোচনায় অংশগ্রহণ করেন।

ক্যাবিনেট সচিব মুজিবুল হক বলেন যে, সমাজে শিক্ষককে নেতৃত্ব দিতে হইবে, কারণ শিক্ষককে ঐতিহ্যগতভাবে আদর্শ মানুষ বিবেচনা করা হয়।